



শাপলার বিচারহীনতাই জুলাই হত্যাকাণ্ডের পথ তৈরি করেছে: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

শাপলা হত্যাকাণ্ডের পর দায়ীদের জবাবদিহিতার আওতায় আনা গেলে পরবর্তীতে জুলাইয়ের হত্যাকাণ্ড ঘটতো না বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম।

মঙ্গলবার রাজধানীর ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ কথা বলেন।

নাহিদ ইসলাম বলেন, শাপলা হত্যাকাণ্ড বাংলাদেশের রাজনীতিতে গভীর ক্ষত তৈরি করেছে। তার মতে, তখন যথাযথ বিচার নিশ্চিত হলে পরবর্তীতে দমন-পীড়নের রাজনীতি এতটা ভয়াবহ রূপ নিত না।

তিনি আরও বলেন, ওই সময় রাজনৈতিক দলগুলোর আরও শক্ত অবস্থান নেওয়া প্রয়োজন ছিল। একইসঙ্গে গণমাধ্যমের কিছু ভূমিকাও প্রশংসিত ছিল বলে মন্তব্য করেন তিনি। তার দাবি, সে সময় ভুক্তভোগীদের অনেক ক্ষেত্রে নেতিবাচকভাবে উপস্থাপন করা হয়েছিল।

মাদ্রাসা শিক্ষার্থীদের জঙ্গি হিসেবে চিত্রিত করার প্রবণতার সমালোচনা করে নাহিদ বলেন, দেশের বিভিন্ন আন্দোলন ও সংগ্রামে আলেম-ওলামা ও মাদ্রাসা শিক্ষার্থীদেরও গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। তাই ঢালাওভাবে তাদের বিরুদ্ধে অপপ্রচার বন্ধ হওয়া উচিত।

বিচারবহির্ভূত হত্যা, গুম ও মানবতাবিরোধী অপরাধের বিচার দাবি করে তিনি বলেন, সীমান্ত হত্যা ও কাঁটাতারের মতো ইস্যুতেও সরকারের কার্যকর ভূমিকা জরুরি। সরকার ব্যর্থ হলে জনগণই সীমান্ত রক্ষায় এগিয়ে আসবে বলেও মন্তব্য করেন নাহিদ ইসলাম।